



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(প্রশাসন-১ শাখা)  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৮. ২০২০-৩৯৭

তারিখঃ

২৯ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ  
১২ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ গ্রামাঞ্চলে হাট-বাজার স্থানান্তর সংক্রান্ত।

দেশের গ্রামাঞ্চলের অধিকাংশ হাট-বাজার সংকীর্ণ স্থানে অবস্থিত। ফলে হাট-বাজারে অবস্থানরত ক্রেতা-বিক্রেতাদের মধ্যে করোনা ভাইরাস সংক্রমণের ঝুঁকি থেকে যায়। এ পরিপ্রেক্ষিতে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় গ্রামীণ হাট-বাজারগুলোতে ক্রেতা-বিক্রেতাগণের সামাজিক দূরত্ব বজায় রেখে ক্রয়-বিক্রয় করা প্রয়োজন। করোনা ভাইরাসের সংক্রমণরোধে গ্রামীণ কাঁচা বাজারগুলো তুলনামূলকভাবে খোলা স্থানে স্থানান্তর করা হলে সামাজিক দূরত্ব নিশ্চিত করা সম্ভব হবে।

এমতাবস্থায়, করোনা ভাইরাস সংক্রমণের ঝুঁকি হ্রাসকল্পে সামাজিক দূরত্ব বজায় রেখে ক্রয়-বিক্রয় নিশ্চিত করার লক্ষ্যে গ্রামীণ হাট-বাজার/কাঁচা বাজারসমূহ পার্শ্ববর্তী ফুলের মাঠ/ খেলার মাঠ/খোলা জায়গায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

J. H. Admin  
২২/০৪/২০২০  
(ড. জুলিয়া মর্দন)  
উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

e-mail: [lgadmin1@lgd.gov.bd](mailto:lgadmin1@lgd.gov.bd)

বিতরণঃ

- ১। জেলা প্রশাসক, .....
- ২। চেয়ারম্যান, ..... জেলা পরিষদ।
- ৩। চেয়ারম্যান, ..... উপজেলা পরিষদ, ..... জেলা।
- ৪। মেয়র, ..... পৌরসভা।
- ৫। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, উপজেলা-....., জেলা.....।

অনুলিপিঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ/ বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার (সকল)।
- ৫। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ----- সিটি কর্পোরেশন।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ----- উপজেলা, ----- জেলা।